The New Nation

Dhaka University Pro-Vice Chancellor Professor Dr. Sayema Haque Bidisha inaugurates a training programme on upgrading skill of library personnel held at DU library in the capital on Monday.
■ NN Photo

The Tribunal

Islamic Studies Department Welcomes freshers in DU

STAFF CORRESPONDENT

The welcoming ceremony of the first-year 'Undergraduate Program' students of the Islamic Studies Department of Dhaka University was held on Tuesday at the RC Majumder Arts Auditorium. Dhaka University Pro-Vice Chancellor (Education) Professor Dr Mamun Ahmed was present as the chief guest at the event. The event was presided over by the Departmental Chairman Professor Dr Md. Sanaullah and Dean of the Faculty of Arts Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan spoke as the special guest. The welcome speech was delivered by the Student Advisor of the Department Professor Dr. Muhammad Zahirul Islam. The first-year students of the department Md. Ashiqur Rahman Affan and Anjuman Ara conducted the event.

Pro-Vice Chancellor (Education) Professor Dr Mamun Ahmed welcomed the freshers and said, "You have got the opportunity to get admission in this best university in the country on the basis of merit and qualification through rigorous competitive examinations. There are equal opportunities for every student in Dhaka University. Along with this, there are some limitations. If any problem arises, an attempt should be made to resolve it through mutual discussion. Students will try to achieve their own rights as well as to protect the rights of others. He emphasized on the students being proficient in co-curricular activities along with academic education.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

The New Nation

DUCSU POLLS

Level playing field major concern

DU Correspondent

Dhaka University administration decided last day, beginning day of the official campaign, to deploy three-tier security measures, including the deployment of troops on campus on the day of voting with almost all major student organizations expressing concerns about a level playing field in the DUCSU elections.

While candidates from political student organizations are shedding tears, however, independent candidates

Contd on page-11- Col-4

Chief Election Commissioner Professor Jasim Uddin presides over a discussion meeting with rival candidates on DUCSU election code of conduct on Tuesday at Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban in Dhaka. ■ Photo: Shamim Ahmed

Level playing

Cont from page 12

and ordinary students are participating in various election campaign activities and celebrating DUCSU.

Megh Mallar Bosu, GS Candidate of leftists organizations backed 'Pratirodh Parshsd', criticized the decision that women's halls will have to be used for election campaigning after requesting permission in writing from the administration, saying, "those who have money and muscle power will win, other panels will not be able to participate."

"If we realize the whole voting thing is turning into a scam, then we may end up not participating in the elections at all," said Bosu.

Chhatra Dal nominated VP candidate Abidul Islam Khan said at a press conference on Monday that there was no level playing field, alleging various irregularities and violations of the code of conduct surrounding the DUCSU elections.

The Daily Tribunal

DUCSU POLLS: Campaigns kick off with tributes, allegations, and promises

SENIOR CORRESPONDENT

The formal campaign for the Dhaka University Central Students' Union (Ducsu) election began yesterday, with major panels and independent candidates launching activities through rallies, tributes, and student outreach across the campus.

The BNP-backed panel opened its campaign at 3:30pm, paying tribute to the martyrs of 1971 at the "Smriti Chironton" memorial near the vice-chancellor's residence. Earlier in the day, the left-leaning Protirodh Porshod began its campaign at the Central Shaheed Minar by placing wreaths in memory of the martyrs. The panel -- led by VP candidate Sheikh Tasnim Afroze Emi, GS candidate Meghmallar Bosu, and AGS candidate Md Jabir Ahmed Jubel -- made its commitment to upholding the spirit of the Liberation War.

Mozammel Haque, convener of the panel's Liberation War and Democratic Movement cell, said, "Today is Phulbari Uprising Day, so we offered flowers in remembrance. Later, we moved to the Social Sciences faculty premises, and in the afternoon, we will be at VC Chattar and Rokeya Hall. The response from students has been quite positive."

The independent panel Shikkharthi Oikko also launched its campaign by placing wreaths at the Jagannath Hall memorial. VP candidate Umama Fatema, GS candidate Al Sadi Bhuiya, and other members were present.

Umama Fatema stressed the importance of holding Ducsu elections regularly and fairly. "Ducsu should be held regularly and in a modest manner, and it is the administration's responsibility to ensure that. Our campaign will not disrupt the daily activities of students." She alleged that many -See Page 2

Ducsu polls: Campaigns

candidates had already been engaged in "unofficial campaigning" for the past two weeks without any action from the university authorities.

Meanwhile, the Jamaat-e-Islami-backed Oikkoboddho Shikkharthi Jote began campaigning from the central library premises. Its VP candidate Shadik Kayem claimed their campaign board had been vandalised on the very first day.

In a Facebook post, Kayem wrote, "This reflects a special form of hostility toward female candidates. We demand immediate punitive action against those involved."

The Ganotantrik Chhatra Sangsad began its campaign from the hall areas at 4:30pm, adopting a more direct, person-to-person outreach strategy.

Alongside these panels, several independent candidates also hit the campaign trail, setting the stage for a competitive election across Dhaka University.

The Daily Star

On the first day of official campaigning for the Dhaka University Central Students' Union (Ducsu) elections, Chhatra Dal's vice-president candidate Abidul Islam Khan and the left-leaning Protirodh Porshod's general secretary nominee Meghmallar Basu greet each other with smiles and a handshake. The photo was taken in front of the university's Senate building yesterday.

DUCSU POLLS

Campaigning starts with rallies, tributes

Candidates allege violations of election code

DU CORRESPONDENT

Campaigning for the Dhaka University Central Students' Union kicked off yesterday with vibrant rallies, tributes, and outreach efforts by major panels and independents across Dhaka University.

However, several candidates accused one another of breaching the election code of conduct.

Chief returning officer Prof Mohammad Zashim Uddin yesterday said they would keep army personnel as a strike force on election day.

He said 471 students were set to run for 28 posts in Ducsu after a total of 28 withdrew their nominations. Nominations of 10 others were rejected.

Candidates and panels started their campaigns on campus yesterday morning, the first day for electioneering, according to the schedule.

Islami Chhatra Shibir-backed Oikkoboddho Shikkharthi Jote began its campaign on the central library premises. Its VP nominee Abu Shadik Kayem claimed that its campaign boards at the Fine Arts Faculty had been vandalised.

"We demand immediate punitive action against those involved," he said.

During a press briefing on Monday, Chhatra Dal-backed

SEE PAGE 2 COL 4

panel VP candidate Abidul Islam Khan said, "A journalist is competing in the AF Rahman Hall Union election, and he is blackmailing students who are supporting the Chhatra Dal-backed candidate there."

The journalist in question, Ashiqul Haque Rifat, an independent, lodged a complaint against Abidul with the chief returning officer.

Ashiqul said Abidul was deliberately spreading lies.

Aparajeyo-71 and Oddommo-24 panel called for the disqualification of Shibir-backed candidates from the election. The panel's general secretary nominee, Anamul Hasan Onoy, said allowing Shibir candidates to contest would go against the values of Bangladesh's independence struggle.

"The defeated forces of '71 and '24 – Shibir and Chhatra League – must be disqualified," he said.

Meanwhile, Meghmallar Bosu, who is vying for the general secretary post from the Protirodh Porshod, said many candidates were breaching the code of conduct and that the administration was not taking any step against them despite being notified.

"We can walk away if we believe the election is a scam," said Bosu at a press briefing.

Swatantra Shikkharthi Oikko panel launched its campaign by placing wreaths at the Jagannath Hall memorial. Its VP candidate, Umama Fatema, said, "Ducsu polls should be held regularly ... it is the administration's responsibility to ensure that. Our campaign will not disrupt the daily activities of students."

The Gonotantrik Chhatra Sangsad-backed panel began with an outreach programme around 4:30pm.

Alongside these panels, several independents also hit the campaign trail, setting the stage for a competitive election across Dhaka University.

A DU press release after a meeting between the returning officer and candidates, said three-tier security system would be in place on election day.

It said the strike force would be at seven entrances of Dhaka University. "If necessary, the army will enter the campus and take control of the polling centres until the results are announced."

Meghmallar Bosu said, "The police no longer have any credibility. As a result, it may be necessary to deploy the army... Our apprehension is that voters can be intimidated by this, which could reduce turnout."

Abdul Qader, vying for vice president post from Boishommo Biroddhi Shikkharthi Oikya, said, "They have made a decision on the matter without any discussion with us at all. Perhaps they might have some ulterior motives."

Tanvir Baree Hamim, general secretary nominee from JCD backed panel, said, "It [deployment of the army] will instill fear among students..."

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

DU in Media

১২ ভাদ্র ১৪৩২

27 August 2025

প্রথম আলো

ছাত্র সংসদ নির্বাচন

১ প্রতিরোধ পর্ষদ প্যানেলের জিএস প্রার্থী মেঘমল্লার বসুর সঙ্গে হাত মেলাচ্ছেন ছাত্রদল-সমর্থিত প্যানেলের ভিপি প্রার্থী আবিদুল ইসলাম খান, ২ ডাকসু ও হল সংসদের প্রার্থীদের নিয়ে বিশ্ববিদ্যালয়ে মতবিনিময় সভায় বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদের প্রার্থীরা, ৩ শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করছেন স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য প্যানেলের জিএস প্রার্থী আল সাদী ভুইয়া, ৪ শুভেচ্ছা বিনিময়ে শিবিরের প্রার্থীরা। ছবি : প্রথম আলো

প্রচার শুরু, উৎসবমুখর ক্যাম্পাস

ডাকসু নির্বাচন

শিক্ষার্থীদের প্রত্যাশা, যেন শিক্ষার সুস্থ পরিবেশ ফিরে আসে; লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতির অবসান হয়। ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের প্রসার ঘটে।

- ডাকসুতে এবার প্রার্থী ৪৭১ জন। এর মধ্যে ছাত্রী ৬২ জন।
- ভোটের দিন 'স্ট্রাইকিং ফোর্স' হিসেবে দায়িত্ব পালন করবে সেনাবাহিনী।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা* ও **প্রতিনিধি**, *ঢাকা বিশ্ববিদ্যালয়*

জুলাই গণ-অভ্যুত্থানের পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ভয়হীন পরিবেশ তৈরি হয়েছে। আবাসিক হলগুলো থেকে 'গেস্টরুম সংস্কৃতি' (নির্যাতন করা) বিদায় নিয়েছে। হলে হলে গণরুমে গাদাগাদি করে আর থাকতে হচ্ছে না শিক্ষার্থীদের। এখন আর কাউকে জোর করে রাজনৈতিক সভা-সমাবেশে নেওয়া হয় না। গণ-অভ্যুত্থানের পর এবার অনেকটাই ভয়হীন পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন হতে যাচ্ছে।

গতকাল মঙ্গলবার ভোটের আনুষ্ঠানিক প্রচার শুরু হয়েছে। শিক্ষার্থীদের প্রত্যাশা, ডাকসু নির্বাচনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের যেন শিক্ষা ও গবেষণার সুস্থ পরিবেশ ফিরে আসে। লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতির অবসান হয়। ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের প্রসার ঘটে।

ডাকসু নির্বাচন নিয়ে অপরাধবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী নাদিয়া ইসলাম প্রথম আলোকে বলেন, 'এখন একটা উৎসবমুখর পরিবেশ তৈরি হয়েছে। প্রার্থীরা নানা প্রতিশ্রুতি দিচ্ছেন। শুধু রাজনীতি নিয়ে পড়ে না থেকে সত্যিকার অর্থে যাঁরা শিক্ষা ও গবেষণার মান বাড়াতে কাজ করবেন, তাঁদেরই বেছে নেব।'

ভোটের প্রচার শুরুর প্রথম দিনেই বিভিন্ন আবাসিক হল, অনুষদ ও ইনস্টিটিউটের সামনে প্রার্থীদের পরিচয়সহ ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড দেখা গেছে। হলে হলে ও বিভিন্ন একাডেমিক ভবনে গিয়ে শিক্ষার্থীদের কাছে ভোট চেয়েছেন প্রার্থীরা।

সামাজিক বিজ্ঞান অনুষদের সামনে গতকাল দুপুরে কথা হয় অপরাধবিজ্ঞান বিভাগের ছাত্রী মাশিয়াত লামিসার সঙ্গে। ডাকসু নির্বাচন নিয়ে কী প্রত্যাশা করেন—এমন প্রশ্নে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় অনেকের কাছে রাজনৈতিক বিশ্ববিদ্যালয় হিসেবে পরিচিতি পেয়েছে। এই

এরপর পৃষ্ঠা ২ কলাম ১

প্রচার শুরু, উৎসবমুখর ক্যাম্পাস

প্রথম পৃষ্ঠার পর

জায়গাটিতে পরিবর্তন আসা দরকার। এবারের ডাকসু যেন সেই পরিবর্তন আনে।

ডাকসু নির্বাচন নিয়ে ভাষাবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী জিহাদ আলীর উচ্ছ্বাস মনে হলো অন্যদের চেয়ে বেশি। এই তরুণ বললেন, 'ক্যাম্পাসে এসেছি মাত্র দুই মাস হলো। এসেই ডাকসু নির্বাচন পাচ্ছি। সেদিক থেকে আমরা ভাগ্যবান বলতে পারেন। বড় ভাইদের কাছে শুনেছি, আগে ক্যাম্পাসের অবস্থা কেমন ছিল! সেই পরিবেশ যাতে আর ফিরে না আসে।'

ভোটের প্রচার শুরু

কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা জানিয়ে প্রচার শুরু করেছেন বামপন্থী সাতটি ছাত্রসংগঠনের উদ্যোগে গঠিত 'প্রতিরোধ পর্ষদ' প্যানেলের প্রার্থীরা। এই প্যানেলের ভিপি (সহসভাপতি) প্রার্থী শেখ তাসনিম আফরোজ (ইমি), জিএস (সাধারণ সম্পাদক) প্রার্থী মেঘমল্লার বসুর নেতৃত্বে প্যানেলের সদস্যরা গতকাল সকালে শহীদ মিনারে যান। সেখানে শ্রদ্ধা নিবেদনের পর এই প্যানেলের প্রার্থীরা সামাজিক বিজ্ঞান অনুষদ, টিএসসি ও কলা অনুষদ এলাকায় জনসংযোগ করেন। পরে বেলা আড়াইটার দিকে মধুর ক্যানটিনের সামনে সংবাদ সম্মেলন করে আচরণবিধি লঙ্ঘনসহ কিছু বিষয়ে প্যানেলের অবস্থান তুলে ধরেন তাঁরা।

সংবাদ সম্মেলনে প্রতিরোধ পর্ষদ প্যানেলের জিএস প্রার্থী মেঘমল্লার বসু বলেন, 'এখন পর্যন্ত আমরা নির্বাচনী প্রক্রিয়ার সঙ্গেই আছি এবং আমাদের যে প্রচারণা, তা পূর্ণভাবে চালিয়ে যাচ্ছি। কিন্তু আমরা যদি বুঝতে পারি, এখানে পুরো ভোটের বিষয়টি একটি স্ক্যাম (জালিয়াতি) এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের ন্যূনতম মেরুদণ্ড নেই, সে ক্ষেত্রে আমরা নির্বাচনে না-ও থাকতে পারি।'

ছাত্রদল-সমর্থিত প্যানেলের প্রার্থীরা বেলা সাড়ে তিনটার দিকে ভিসি চত্বরে একাত্তরের শহীদদের স্মৃতিফলক 'স্মৃতি চিরন্তন'-এ শ্রদ্ধা নিবেদন শেষে প্রচার শুরু করেন। 'প্রতিশ্রুতি নয়, পরিবর্তনে প্রতিজ্ঞাবদ্ধ' স্লোগানে এবারের ডাকসু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন তাঁরা।

ছাত্রদলের প্যানেলের ভিপি প্রার্থী আবিদুল ইসলাম খান সাংবাদিকদের বলেন, শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক সাড়া পাচ্ছেন তাঁরা।

গতকাল বিকেলে কবি জসীমউদ্‌দীন হলের সামনে থেকে প্রচার শুরু করে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের প্যানেল 'বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ'। এই প্যানেলের ভিপি প্রার্থী আবদুল কাদের ও জিএস প্রার্থী আবু বাকের মজুমদার নিজ প্যানেলের অন্য প্রার্থীদের নিয়ে প্রচারে অংশ নেন।

আবু বাকের মজুমদার *প্রথম আলোকে* বলেন, 'আমাদের ইশতেহার শিক্ষার্থীদের কাছে পৌঁছে দিচ্ছি। সব প্যানেল শিক্ষার্থীদের কল্যাণে নানা প্রতিশ্রুতি দিয়েছে। তবে আমরা আলাদা করে কিছু বিষয় ইশতেহারে তুলে ধরেছি।'

জগন্নাথ হলের বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ করে প্রচার শুরু করে উমামা ফাতেমার নেতৃত্বাধীন 'স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য'। তখন উমামার সঙ্গে ছিলেন এই প্যানেলের জিএস প্রার্থী আল সাদী ভূঁইয়াসহ অন্য প্রার্থীরা।

গতকাল দুপুরে জোহরের নামাজ শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের সামনে থেকে প্রচার শুরু করেন ইসলামি ছাত্রশিবির-সমর্থিত 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট' প্যানেলের প্রার্থীরা। এই প্যানেলের ভিপি প্রার্থী সাদিক কায়েম সাংবাদিকদের বলেন, 'আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়কে রাজনৈতিক প্রতিষ্ঠান থেকে একাডেমিক প্রতিষ্ঠানে পরিণত করতে চাই।'

ছাত্র অধিকার পরিষদ-সমর্থিত প্যানেল 'ডাকসু ফর চেঞ্জ' প্যানেল, ইসলামী ছাত্র আন্দোলন-সমর্থিত 'সচেতন শিক্ষার্থী সংসদ' প্যানেল ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক মাহিন সরকারের উদ্যোগে গঠিত 'সমন্বিত শিক্ষার্থী সংসদ' প্যানেলের প্রার্থীরা ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় প্রচার চালিয়েছেন। এ ছাড়া স্বতন্ত্রসহ অন্যান্য প্যানেলের প্রার্থীরাও নিজেদের মতো করে প্রচার চালিয়েছেন বিভিন্ন একাডেমিক ভবনে ও ক্যাম্পাসের নানা জায়গায়।

ডাকসুর ২৮ পদে প্রার্থী ৪৭১ জন, ছাত্রী ৬২ জন

ডাকসু ও হল সংসদের চূড়ান্ত প্রার্থী তালিকা গতকাল প্রকাশ করা হয়েছে। এবার ডাকসুর ২৮টি পদের বিপরীতে মোট ৪৭১ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে ছাত্রী ৬২ জন। ভোট গ্রহণ করা হবে আগামী ৯ সেপ্টেম্বর।

গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী সিনেট চৌধুরী ভবনে প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন এক ব্রিফিংয়ে এ তথ্য জানান।

অধ্যাপক জসীম উদ্দিন বলেন, ২৮ জন প্রার্থী তাঁদের প্রার্থিতা প্রত্যাহার করেছেন। এ ছাড়া প্রাথমিক বাছাই প্রক্রিয়ায় বাদ পড়া ১০ জন প্রার্থী আপিল না করায় তাঁদের মনোনয়নপত্র বাতিল ঘোষণা করা হয়েছে। ফলে চূড়ান্তভাবে ৪৭১ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

প্রধান রিটার্নিং কর্মকর্তা জানান, ডাকসুর ভিপি পদে ৪৫ জন, জিএস পদে ১৯ জন ও এজিএস পদে ২৫ জন প্রতিদ্বন্দ্বিতা করবেন। সম্পাদকীয় পদগুলোর মধ্যে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে ১৭ জন, কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে ১১ জন, আন্তর্জাতিক সম্পাদক পদে ১৪ জন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে ১৯ জন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ১২ জন, গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে ৯ জন, ক্রীড়া সম্পাদক পদে ১৩ জন, ছাত্র পরিবহন সম্পাদক পদে ১২ জন, সমাজসেবা সম্পাদক পদে ১৭ জন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে ১৫ জন, মানবাধিকার ও আইন সম্পাদক পদে ১১ জন এবং ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক পদে ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ ছাড়া ১৩টি সদস্য পদে ২১৭ জন প্রার্থী হয়েছেন।

চূড়ান্ত প্রার্থী তালিকা অনুযায়ী, যে ৬২ জন ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছেন, তাঁদের মধ্যে ভিপি পদে ৫ জন, জিএস পদে ১ জন ও এজিএস পদে রয়েছেন ৪ জন। এ ছাড়া মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে ২ জন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ১ জন, কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে ৯ জন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে ৩ জন, ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক পদে ২ জন, সমাজসেবা সম্পাদক পদে ১ জন, ক্রীড়া সম্পাদক পদে ১ জন, গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে ৩ জন, সাহিত্য ও সাংস্কৃতিক পদে ২ জন, মানবাধিকার ও আইন সম্পাদক পদে ৩ জন এবং সদস্য পদে ২৫ জন ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

ফেস্টুন ছেঁড়ার অভিযোগ শিবিরের

প্রচারের প্রথম দিনেই ছাত্রশিবির-সমর্থিত ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের ব্যানার ও ফেস্টুন ছিঁড়ে ফেলা হয়। চারুকলা অনুষদের সামনে এ ঘটনা ঘটে। এর প্রতিবাদে বিকেল সাড়ে পাঁচটার দিকে চারুকলা অনুষদের সামনে জরুরি সংবাদ সম্মেলন করেন এই প্যানেলের প্রার্থীরা।

সংবাদ সম্মেলনে বলা হয়, কিছু সন্ত্রাসী গোষ্ঠী উদ্দেশ্যপ্রণোদিতভাবে পরিস্থিতি ঘোলাটে করতে ব্যানার ও ফেস্টুন ছিঁড়ে ফেলেছে। একই সঙ্গে বোরকা পরা একজন নারী শিক্ষার্থীর ছবিকে বিকৃত করা হয়েছে। নির্বাচন কমিশন ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে এ ঘটনার দ্রুত তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানানো হয়।

ভোটের দিন 'স্ট্রাইকিং ফোর্স' হিসেবে থাকবে সেনাবাহিনী

ডাকসু ও হল সংসদ নির্বাচনে ভোটকেন্দ্রে তিন স্তরের নিরাপত্তা থাকবে। প্রথম স্তরে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি ও প্রক্টরিয়াল টিমের সদস্যরা, দ্বিতীয় স্তরে পুলিশ এবং তৃতীয় স্তরে বিশ্ববিদ্যালয়ের সাতটি প্রবেশমুখে 'স্ট্রাইকিং ফোর্স' হিসেবে অবস্থান নেবে সেনাবাহিনী।

গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ডাকসু ও হল সংসদের প্রার্থীদের সঙ্গে প্রধান রিটার্নিং কর্মকর্তার মতবিনিময় সভা শেষে সংবাদ বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সিদ্ধান্তের কথা জানায়। সভায় ডাকসু ও হল সংসদের ভিপি, জিএস ও এজিএস প্রার্থীরা উপস্থিত ছিলেন।

ক্যাম্পাসে নিরাপত্তাব্যবস্থা জোরদারের বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্বাচনের সময় রিটার্নিং কর্মকর্তাদের নির্দেশনা অনুযায়ী পুলিশ বাহিনী দায়িত্ব পালন করবে। প্রয়োজনে সেনাবাহিনী ক্যাম্পাসে প্রবেশ করবে। ভোট শেষে ফলাফল প্রকাশ না হওয়া পর্যন্ত ভোটকেন্দ্র সেনাসদস্যরা ঘিরে রাখবেন। ভোট গণনার সময় সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কারও প্রবেশের সুযোগ থাকবে না।

আবাসিক হলগুলোর বিষয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্বাচনের সাত দিন আগে থেকে আবাসিক হলে কোনো বহিরাগত থাকতে পারবে না। নিয়মিত টহল পরিচালনার মাধ্যমে এ ব্যবস্থা কার্যকর করা হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নির্বাচনের আগের দিন (৮ সেপ্টেম্বর) ও নির্বাচনের দিন (৯ সেপ্টেম্বর) মেট্রোরেলের ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশন বন্ধ থাকবে। নির্বাচনের দিন বৈধ শিক্ষার্থী, অনুমোদিত সাংবাদিক ও নির্বাচন পরিচালনার সঙ্গে যুক্ত ব্যক্তিরা ছাড়া অন্য কেউ বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারবে না।

প্রতিদিনের সংবাদ

ঢাবিতে আনুষ্ঠানিক প্রচার শুরু প্রার্থীদের

ডাকসু নির্বাচন

- চূড়ান্ত প্রার্থী ৪৭১, বাদ পড়েছেন ৩৮ জন
- ভিপি পদে ৪৫ জন, জিএস পদে ১৯ জন
- ৬২ জন নারী প্রার্থী

ভোটের দিন স্ট্রাইকিং ফোর্স থাকবে সেনাবাহিনী

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে আনুষ্ঠানিক প্রচারণা শুরু হয়েছে গতকাল মঙ্গলবার। প্রচারণা ঘিরে ব্যানার, ফেস্টুন, লিফলেট বিতরণ চলছে ক্যাম্পাসে। প্রার্থীরাও শুরু করেছেন জনসংযোগ। তারা ক্যাম্পাসে, ক্লাসে ও হলে হলে ভোট চাইতে যাচ্ছেন। গতকাল ডাকসু নির্বাচনে চূড়ান্ত প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়েছেন ৪৭১ জন। এর মধ্যে ভিপি পদে ৪৫ জন, জিএস পদে ১৯ জন, এজিএস পদে ২৫ জন লড়ছেন।

বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে গতকাল চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। এর আগে, গত ১২ আগস্ট থেকে ১৯ আগস্ট পর্যন্ত প্রার্থীরা মনোনয়নপত্র সংগ্রহ করেন এবং ২০ আগস্টের মধ্যে জমা দেন। এরপর ৫০৯ জন খসড়া প্রার্থীর তালিকা দিয়েছিল নির্বাচন কমিশন। সেই প্রার্থীদের মধ্যে ২৮ জন প্রার্থিতা প্রত্যাহার করেছেন। এছাড়া খসড়া তালিকা থেকে বাদ পড়া ১০ জন পুনরায় আপিল করেননি।

এ বছর ডাকসুর ২৮ পদে প্রার্থীরা লড়ছেন। এর মধ্যে রয়েছে সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক, কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক, আন্তর্জাতিকবিষয়ক সম্পাদক, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক, ক্রীড়া সম্পাদক, ছাত্র পরিবহন সম্পাদক, সমাজসেবা সম্পাদক, গবেষণা ও প্রকাশনা সম্পাদক, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক, মানবাধিকার ও আইনবিষয়ক সম্পাদক এবং ১৩টি নির্বাহী সদস্য পদ।

ভিপি পদে ৪৫ জন প্রার্থী : চূড়ান্ত তালিকা অনুযায়ী, ভিপি পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন ৪৫ জন, জিএস পদে ১৯ জন, এজিএস পদে ২৫ জন, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে ১৭ জন, কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে ১১ জন, আন্তর্জাতিক সম্পাদক পদে ১৪ জন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে ১৯ জন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ১২ জন, গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে ৯ জন, ক্রীড়া সম্পাদক পদে ১৩ জন, ছাত্র পরিবহন সম্পাদক পদে ১২ জন, সমাজসেবা সম্পাদক পদে ১৭ জন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে ১৫ জন, মানবাধিকার ও আইন বিষয়ক সম্পাদক পদে ১১ জন, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক পদে ১৫ জন এবং সদস্য পদে ২১৭ জন।

৬২ জন নারী প্রার্থী : চূড়ান্ত প্রার্থী তালিকা ঘেঁটে দেখা গেছে, এবার ডাকসুর বিভিন্ন পদে ৬২ জন নারী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। তাদের মধ্যে ভিপি পদে ৫ জন, জিএস পদে একজন, এজিএস পদে ৪ জন, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে ২ জন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে ১ জন, কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে ৯ জন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে ৩ জন, ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক পদে ২ জন, সমাজসেবা সম্পাদক পদে ১ জন, ক্রীড়া সম্পাদক পদে ১ জন, গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে ৩ জন, সাহিত্য ও সংস্কৃতিক পদে ২ জন, মানবাধিকার ও আইন সম্পাদক পদে ৩ জন এবং সদস্য পদে ২৫ জন নারী প্রার্থী রয়েছেন।

ভোটের দিন 'স্ট্রাইকিং ফোর্স' থাকবে সেনাবাহিনী : ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে ভোটকেন্দ্রে তিন স্তরের নিরাপত্তাব্যবস্থা থাকবে। প্রথম স্তরে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি ও প্রক্টরিয়াল টিমের সদস্যরা, দ্বিতীয় স্তরে পুলিশ ও তৃতীয় স্তরে বিশ্ববিদ্যালয়ের সাতটি প্রবেশ মুখে 'স্ট্রাইকিং ফোর্স' হিসেবে অবস্থান নেবে সেনাবাহিনী।

গতকাল মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ডাকসু ও হল সংসদের প্রার্থীদের সঙ্গে নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তার মতবিনিময় সভা শেষে এক সংবাদ বিজ্ঞপ্তিতে ■ এরপর পৃষ্ঠা ২ কলাম ১

প্রচার শুরুর প্রথম দিনেই ডাকসু নির্বাচন ঘিরে সরগরম ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। গতকাল কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে নিজেদের প্যানেলের ফেস্টুনের সামনে প্রার্থীরা

● প্রতিদিনের সংবাদ

ঢাবিতে আনুষ্ঠানিক প্রচার শুরু প্রার্থীদের

■ প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্তের কথা জানিয়েছে। ডাকসু ও হল সংসদ নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিন সভায় সভাপতিত্ব করেন। সভায় ডাকসু নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক গোলাম রব্বানী, অধ্যাপক কাজী মারুফুল ইসলাম, অধ্যাপক নাসরিন সুলতানা, অধ্যাপক মো. শহিদুল ইসলাম, অধ্যাপক এস এম শামীম রেজা, অধ্যাপক তারিক মনজুর, সহযোগী অধ্যাপক শারমীন কবীর এবং হল রিটার্নিং কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় ডাকসুর সব প্রার্থী ও হল পর্যায়ের সহ-সভাপতি (ভিপি), সাধারণ সম্পাদক (জিএস) ও সহ-সাধারণ সম্পাদক (এজিএস) প্রার্থীরা উপস্থিত ছিলেন।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বরাতে সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, রিটার্নিং কর্মকর্তাদের নির্দেশনা অনুযায়ী পুলিশ বাহিনী দায়িত্ব পালন করবে। এরই মধ্যে টহল টিমসহ সংশ্লিষ্ট শাখাগুলো সক্রিয় রয়েছে। নিরাপত্তাব্যবস্থা সম্পর্কে সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ভোট গ্রহণের দিন আটটি ভোটকেন্দ্রে তিন স্তরের নিরাপত্তাব্যবস্থা থাকবে। প্রথম স্তরে থাকবেন বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি সদস্য ও প্রক্টরিয়াল টিম। দ্বিতীয় স্তরে পুলিশ মোতায়েন থাকবে। তৃতীয় স্তরে বিশ্ববিদ্যালয়ের সাতটি প্রবেশমুখে সেনাবাহিনী 'স্ট্রাইকিং ফোর্স' হিসেবে অবস্থান করবে।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, প্রয়োজন অনুযায়ী সেনাবাহিনী ক্যাম্পাসে প্রবেশ করবে। ভোট শেষে ফল প্রকাশ না হওয়া পর্যন্ত ভোটকেন্দ্র সেনাসদস্যরা ঘিরে রাখবেন। ভোট গণনার সময় সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কারো প্রবেশের সুযোগ থাকবে না। আবাসিক হলগুলোর বিষয়ে বলা হয়, নির্বাচনের সাত দিন আগে থেকে আবাসিক হলে কোনো বহিরাগত থাকতে পারবে না। নিয়মিত টহল পরিচালনার মাধ্যমে এ ব্যবস্থা কার্যকর করা হবে। তবে ছাত্রীদের হলগুলোয় কখনোই বহিরাগত ব্যক্তিরা থাকতে পারেন না।

এতে আরো বলা হয়, নির্বাচনের আগের দিন (৮ সেপ্টেম্বর) ও নির্বাচনের দিন (৯ সেপ্টেম্বর) মেট্রোরেলের ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশন বন্ধ থাকবে। নির্বাচনের দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পুরোপুরি সিলগালা থাকবে। বৈধ শিক্ষার্থী, অনুমোদিত সাংবাদিক ও নির্বাচন পরিচালনার সঙ্গে যুক্ত ব্যক্তিরা ছাড়া অন্য কেউ বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারবে না। যেসব শিক্ষার্থী ক্যাম্পাসের বাইরে থাকেন, তাদের ভোটদানের জন্য বিভিন্ন রুটে বাসের অতিরিক্ত ট্রিপের ব্যবস্থা করা হবে। এসব বাস নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করতে পুলিশের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

শিবিরের ফেস্টুন তছনছ : ঢাবির চারুকলা অনুষদে ছাত্রশিবির সমর্থিত 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের' ফেস্টুন টানানোর কিছুক্ষণের মাথায় সেটা ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। গতকাল সকালে ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের ব্যানার টানানোর মাধ্যমে প্রচারণা শুরু করে এ প্যানেল। তবে চারুকলা অনুষদে শিবিরের পূর্ণাঙ্গ প্যানেলের ছবিসংবলিত ফেস্টুন টানানোর পরে সেটা ফেলে দেওয়া হয়। সরেজমিন দেখা যায়, চারুকলা অনুষদে কাঁঠাল গাছতলায় একটি ফেস্টুন এবং কিছুটা দূরে আরেকটি ফেস্টুন উল্টে ফেলে রাখা হয়েছে। ডাকসুর আচরণবিধি অনুযায়ী, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিলের ক্ষতিসাধন করা যাবে না। তবে এ ঘটনার সঙ্গে কারা জড়িত, তা এখনো জানা যায়নি। এ বিষয়ে ঢাবি শাখা শিবির সভাপতি ও প্যানেলের জিএস প্রার্থী এস এম ফরহাদ বলেন, আমরা এ বিষয়ে নির্বাচন কমিশনকে অভিযোগ জানাব। এটা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের কাজ হতে পারে, আবার অন্য কারো কাজও হতে পারে। সিসিটিভি ফুটেজ দেখে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি। তিনি বলেন, এ ধরনের ঘটনা খুবই দুঃখজনক। এটা কারা করছে তা নির্বাচন কমিশনকে খুঁজে বের করতে হবে। এ বিষয়ে নির্বাচন কমিশনার অধ্যাপক ড. গোলাম রাব্বানী বলেন, আমরা এখনো কোনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মানবকণ্ঠ

ডাকসু আলোচনায় ক্ষুদ্র নৃগোষ্ঠী সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা

ডাকসু নির্বাচন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে নজর কাড়ছে নৃগোষ্ঠী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা। ডাকসু নির্বাচনে অংশ নিয়েছে ১০টি প্যানেল ও শিক্ষার্থীদের মধ্যে আলোচিত কয়েকজন স্বতন্ত্র প্রার্থী। সবশেষ যুক্ত হয়েছে 'সম্মিলিত ছাত্র ঐক্য' নামে তিনজনের একটি প্যানেল। ইতোমধ্যে ভোটার ও প্রার্থী তালিকা চূড়ান্ত হওয়ার পর গতকাল মঙ্গলবার থেকে আনুষ্ঠানিক প্রচার শুরু করেছেন প্রার্থীরা।

সব প্যানেল এবং অন্যান্য স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে এবার শিক্ষার্থীদের নজর কাড়ছে ক্ষুদ্র নৃগোষ্ঠী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের নির্বাচনে অংশগ্রহণ। তাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নির্বাচনে এনেছে ভিন্ন মাত্রা। ভোটারদের মধ্যে তাদের অংশগ্রহণ নিয়ে দেখা যাচ্ছে ইতিবাচক মনোভাব। শিক্ষার্থীরা বলছেন, এমন ভিন্নধর্মী অংশগ্রহণই তো আমরা প্রতি ডাকসু নির্বাচনে চাই।

যেখানে যে কেউ তার পছন্দ অনুযায়ী যেকোনো পদে লড়তে পারবেন। নির্বাচনে অংশগ্রহণ করার ক্ষেত্রে থাকবে না কোনো ভেদাভেদ; ধর্ম-বর্ণ, দল-মত নির্বিশেষে সবাই অংশগ্রহণ করতে পারবেন নিজ ইচ্ছানুযায়ী।

১০টি প্যানেলে ও স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে রয়েছেন কয়েকজন ক্ষুদ্র নৃগোষ্ঠী ও সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থী। যারা এবারের নির্বাচনে সবার নজর কাড়ছেন। এদের মধ্যে ছাত্রদলের প্যানেলে ক্রীড়া সম্পাদক পদে লড়বেন ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের চিম চিম্যা চাকমা। এছাড়াও, সদস্য পদে লড়বেন সংখ্যালঘু জনগোষ্ঠীর শিক্ষার্থী- রনৃজন রায় ও নিত্যানন্দ পাল।

এদিকে ছাত্রশিবিরের 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট' প্যানেলে সদস্য পদে লড়বেন ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের সর্ব মিত্র চাকমা। এই প্যানেলে নেই সংখ্যালঘু সম্প্রদায়ের কোনো প্রার্থী।

একইভাবে উমামা ফাতেমার 'স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্যে'র প্যানেলে পাঠকক্ষ ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে লড়বেন ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের শিক্ষার্থী সুমী চাকমা ও ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক পদে রুপাইয়া শ্রেষ্ঠা তঞ্চঙ্গ্যা। এছাড়াও, সদস্য পদে লড়বেন সংখ্যালঘু জনগোষ্ঠীর শিক্ষার্থী- ববি বিশ্বাস ও অর্ক বড়ুয়া।

এছাড়াও বাম সংগঠনগুলোর প্যানেল 'প্রতিরোধ পর্ষদ' এর প্যানেলে সাধারণ সম্পাদক (জিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন মেঘমল্লার বসু। এছাড়াও, প্যানেলে ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক পদে লড়বেন ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের লিটন ত্রিপুরা, সদস্য পদে আছেন- পৃথিং মারমা ও হেমা চাকমা। আর বাকি ছয়টি প্যানেলে নেই কোনো ক্ষুদ্র নৃগোষ্ঠী বা সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থী। প্যানেলগুলো হলো- বামদের একাংশের সমন্বয়ে গঠিত 'অপরাজেয় ৭১-অদম্য ২৪'। ছাত্র অধিকার পরিষদের 'ডাকসু ফর চেঞ্জ'। ইসলামী ছাত্র আন্দোলনের 'সচেতন শিক্ষার্থী সংসদ'। মাহিন সরকারের নেতৃত্বে গঠিত 'সমন্বিত শিক্ষার্থী সংসদ'। গণতান্ত্রিক ছাত্রসংসদের 'বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ' ও সর্বশেষ ঘোষিত 'সম্মিলিত ছাত্র ঐক্য'।

> শিক্ষার্থীদের জন্য কর্মশালা ও প্রশিক্ষণের পাশাপাশি ক্যারিয়ার কাউন্সেলিংয়ের ব্যবস্থা করতে চাই। ক্যারিয়ার ফেস্ট, অ্যাকাডেমিক ইন্টার্নশিপ, মেন্টরশিপ প্রোগ্রাম, ডিজিটাল রিসোর্স হাব, কারিগরি বা ব্যবহারিক দক্ষতামূলক বিভিন্ন কোর্সসহ শিক্ষার্থীদের জন্য পার্ট টাইম চাকরির ব্যবস্থা করব
>
> **রুপাইয়া শ্রেষ্ঠা তঞ্চঙ্গ্যা**
> ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক প্রার্থী, ডাকসু

আলোচনায় পাহাড়ি ৩ কন্যা: এবারের ডাকসু নির্বাচনে তিন পাহাড়ি কন্যা বিশেষভাবে নজর কেড়েছেন। এর মধ্যে রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী রুপাইয়া শ্রেষ্ঠা তঞ্চঙ্গ্যা; তিনি রাঙ্গামাটির রাজস্থলী উপজেলার বাসিন্দা।

স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী ও শামসুন নাহার হলের আবাসিক শিক্ষার্থী হেমা চাকমা; তিনি খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলার সন্তান। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০২১-২২ সেশনের শিক্ষার্থী সুমী চাকমা; তিনি খাগড়াছড়ি জেলার মানিকছড়ি উপজেলার সন্তান। এদের মধ্যে 'স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য' প্যানেল থেকে ক্যারিয়ার ও উন্নয়ন সম্পাদক পদে লড়বেন রুপাইয়া শ্রেষ্ঠা তঞ্চঙ্গ্যা এবং 'কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক' পদে লড়বেন সুমী চাকমা। অন্যদিকে, বাম সংগঠনগুলোর প্যানেল 'প্রতিরোধ পর্ষদ' থেকে সদস্য পদে লড়বেন হেমা চাকমা।

রুপাইয়া শ্রেষ্ঠা তঞ্চঙ্গ্যা: জুলাই-গণঅভ্যুত্থানে সামনের সারিতে থেকে সাহসী ও যুগান্তকারী ভূমিকা রেখেছিলেন এই পাহাড়ি কন্যা। আন্দোলনে অংশ নিতে গিয়ে তাকে নানা ধরনের হেনস্তা, হামলা ও হয়রানির শিকার হতে হয়েছিল। তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় নির্বাহী সদস্য ছিলেন।

ইতোমধ্যে ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক প্রার্থী হিসেবে নির্বাচিত হলে শিক্ষার্থীদের জন্য যেসব কাজ করতে চান, তা জানান তিনি। রুপাইয়া গণমাধ্যমকে বলেন, শিক্ষার্থীদের জন্য কর্মশালা ও প্রশিক্ষণের পাশাপাশি ক্যারিয়ার কাউন্সেলিংয়ের ব্যবস্থা করতে চাই।

ক্যারিয়ার ফেস্ট, অ্যাকাডেমিক ইন্টার্নশিপ, মেন্টরশিপ প্রোগ্রাম, ডিজিটাল রিসোর্স হাব, কারিগরি বা ব্যবহারিক দক্ষতামূলক বিভিন্ন কোর্স, স্কলারশিপ, ভাষা শিক্ষা কোর্স, দেশীয় চাকরির জন্য পরামর্শমূলক সেমিনার, উদ্যোক্তা ও ফ্রিল্যান্সিং এর জন্য উদ্যোক্তা মেলা ও প্রশিক্ষণ এবং শিক্ষার্থীদের জন্য পার্ট টাইম (খণ্ডকালীন) চাকরির ব্যবস্থা করব।

সুমী চাকমা: কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে দাঁড়িয়ে নির্বাচিত হলে শিক্ষার্থীদের জন্য যে যে কাজ করতে চান তা জানান তিনি। সুমী জানান, দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল পদ্ধতিতে অ্যাকাডেমিক ও সহায়ক বইগুলো সহজলভ্য, চারুকলা অনুষদের শিক্ষার্থীদের সুবিধার্থে স্টেশনারি স্থাপন ও খণ্ডকালীন চাকরির ব্যবস্থা ও ঢাবি গ্রন্থাগার ডিজিটালাইজড করতে চাই।

হেমা চাকমা: বাম সংগঠনগুলোর 'প্রতিরোধ পর্ষদ' প্যানেল থেকে সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন এই পাহাড়ি কন্যা। ইতোমধ্যে শিক্ষার্থীদের জন্য যে ধরনের কাজ করতে চান তা জানান স্বাস্থ্য ও অর্থনীতি বিভাগের এই শিক্ষার্থী।

তিনি জানান, রেজিস্ট্রার বিল্ডিং এর 'লাঞ্চের পরে আসেন' কথাটিকে জাদুঘরে রেখে 'প্রিজ প্রিজ, এখনি আসেন' কথা বাস্তবায়ন, সর্ব রোগের ঔষধ নাপা'র বিরুদ্ধে দাঁড়িয়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত, মেডিকেল সেন্টার আধুনিকায়ন ও স্বাস্থ্যবিমার সুবিধা সহজতর করতে কাজ করতে চান।

The New Age

Full transparency in HEAT project evaluation: UGC chair

Staff Correspondent

UNIVERSITY Grants Commission of Bangladesh chairman Professor SMA Faiz on Tuesday said 100 per cent transparency and accountability were being ensured in evaluating Higher Education Acceleration and Transformation project.

He made the remarks at the signing ceremony of sub-project selection process of HEAT project and implementation of it at UGC auditorium in Dhaka, said a press release.

Professor Faiz said the commission had ensured all kinds of initiatives in terms of transparency and accountability in the evaluation of various sub-projects of HEAT.

He expected constructive criticism from journalists and higher education stakeholders.

He also said that the interests of the country and the nation had been considered in the selection of sub-projects.

UGC members Professor Mohammad Tanzimuddin Khan, Professor Mohammad Anwar Hossain, Professor Md Saidur Rahman, Professor Machuma Habib, Professor Mohammad Ayub Islam, UGC secretary Md Fakhrul Islam, department heads and officials of HEAT and UGC were present at the event.

HEAT project director Professor Asaduzzaman highlighted the progress of the project implementation and various aspects of the sub-project selection process.

University Grants Commission of Bangladesh chairman Professor SMA Faiz addresses an event at UGC auditorium in Dhaka on Tuesday. — Press release